

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪২

১৬. জিহাদ অধ্যায় (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৩. যে ব্যক্তি তার সম্পদ হতে মহামহিম আল্লাহর রাস্তায় জোড়া জোড়া দান করে

بَابِ مَنْ أَنْفَقَ زَوْجَيْنِ مِنْ مَالٍ فِي سَبِيلِ اللَّهِ عَزَّ وَجَلَّ ا

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَا هِشَامٌ عَنْ الْحَسَنِ عَنْ صَعْصَعَةَ بْنِ مُعَاوِيَةَ قَالَ لَقِيتُ أَبَا ذَرٍّ وَهُوَ يَسُوقُ جَمَلًا أَوْ يَقُودُهُ فِي عُنُقِهِ قِرْبَةٌ فَقُلْتُ يَا أَبَا ذَرٍ مَا مَالُكَ قَالَ لِي عَمَلِي فَقُلْتُ مَا مَالُكَ قَالَ لِي عَمَلِي قُلْتُ حَدِّثْنِي حَدِيثًا سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ فَقُلْتُ مَا مَالُكَ قَالَ لِي عَمَلِي قُلْتُ حَدِّثْنِي حَدِيثًا سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَا مِنْ مُسْلِمٍ أَنْفَقَ زَوْجَيْنِ وَسَلَّمَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَا مِنْ مُسْلِمٍ أَنْفَقَ زَوْجَيْنِ مَن مَالٍ فِي سَبِيلِ اللَّهِ إِلَّا ابْتَدَرَتْهُ حَجَبَةُ الْجَنَّةِ قَالَ أَبُو مُحَمَّد هُوَ دِرْهَمَيْنِ أَوْ أَمَتَيْنِ أَوْ عَبْدَيْنِ أَوْ عَبْدَيْنِ أَوْ دَابَّتَيْنِ أَوْ دَابَّتَيْنِ أَوْ دَابَّتَيْنِ أَوْ دَابَّتَيْنِ أَوْ دَابَّتَيْنِ

বাংলা

২৪৪২. ছা'ছা'আ ইবনু মুয়াবিয়া (রহঃ) বলেন, আবু যর রাদ্বিয়াল্লাহু আনহু-এর সাথে আমার সাক্ষাৎ হলো, তখন তিনি উট চরাচ্ছিলেন অথবা, তা চালিয়ে নিচ্ছিলেন, তাঁর কাঁধে ছিল পানির একটি মশক। আমি বললাম : ইয়া আবৃ যার! আপনার কী হয়েছে? তিনি বললেন: 'আমার জন্য আমার কাজ।' আবার আমি বললাম: আপনার কী হয়েছে? তিনিও বললেন: 'আমার জন্য আমার কাজ।' আমার নিকট হাদীস বর্ণনা করুন, যা আপনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট শুনেছেন। তখন তিনি বললেন, আমি রাসুলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি: "যে মুসলিম বান্দা আল্লাহর রাস্তায় তার মাল-সম্পদ হতে জোড়া-জোড়া দান করবে, জান্নাতের দ্বাররক্ষী তাকে নিয়ে দ্রুত (এগিয়ে) যাবে।"[1] আবৃ মুহাম্মদ বলেন, তা হলো দু' দু'টি করে দিরহাম, অথবা, দু' দু'টি দাসী অথবা, দু' দু'টি দাস অথবা, দু' দু'টি করে পশু।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৯৪০, ৪৬৪৩ তে। এছাড়াও, ইবনু আবী



শাইবা ৫/৩৪৮-৩৪৯; ইবনু আব্দুল বারর, আত তামহীদ ৭/১৮৬; হাকিম, ২/৮৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ছা'আছা ইবন মুয়াবিয়া (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন